# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 MARCH 2026 7:45—7:55**

---

১।রাজ্যসভার শূণ্য আসন সমুহের নির্বাচনের জন্য বিজেপির প্রার্থী তালিকা ঘোষণা / আসামের তিনটি আসনের মধ্যে দুটি আসনের জন্য নাম চূড়ান্ত ।

২। আগামী ১৪ ই মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বরাক উপত্যকা সফরের পরিপ্রেক্ষিতে আজ রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকার শিলচর রামনগরে প্রস্তাবিত সভাস্থল পরিদর্শন ।

৩। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার আগামীকাল আসাম অসামরিক সেবা এবং অন্যান্য সেবার জন্য নির্বাচিত ২৮৪ জন এবং ফরেনসিক বিজ্ঞান সঞ্চালকালয়ের বিজ্ঞানী হিসেবে নির্বাচিত ৫ জন প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান।

এবং

৪। সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ দোলপূর্ণিমা উৎসব পালন।

---

রাজ্যসভার শূণ্য আসন সমূহের নির্বাচনের জন্য বি জে পি আজ প্রার্থী তালিকা ঘোষণা করেছে । আসামের তিনটি আসনের মধ্যে দুটি আসনের জন্য নাম চূড়ান্ত করা হয়েছে । বি জে পির তেরস গোয়ালা ও যোগেন মোহনের নাম দুটি আসনের জন্য নিশ্চিত হলেও তৃতীয় আসনের জন্য এখনও প্রার্থী চূড়ান্ত হয়নি । বিহারের দুটি আসনের জন্য বি জে পির জাতীয় সভাপতি নীতিন নবীন ও সিবেশ কুমারের নাম ঘোষণা করা হয়েছে । ছত্তিশগড় ও হরিয়ানার একটি করে আসনের জন্য লক্ষী বার্মা ও সঞ্জয় ভাটিয়ার নাম ঘোষনা করা হয়েছে । ওড়িশায় দুটি আসনের জন্য মনমোহন শামল ও সুজিত কুমারকে প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়েছে । রাজ্যসভার একটি আসনের জন্য

পশ্চিমবঙ্গে রাহুল সিনহার নাম ঘোষণা করা হয়েছে ।উল্লেখ্য রাজ্যসভায় নির্বাচনের জন্য আগামী পাঁচ মার্চ মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ধার্য  করা হয়েছে । আগামী ১৬ মার্চ নির্বাচন অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------------

আগামী ১৪ ই মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বরাক উপত্যকা সফরের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসন সমুহ যাবতীয় প্রস্তুতি অব্যাহত রেখেছে । প্রধানমন্ত্রী ঐদিন শিলচরে একটি জনসভায় অংশগ্রহণ করবেন ।এদিকে জল সম্পদমন্ত্রী পিযুষ হাজারিকা আজ শিলচরে রামনগর বাইপাসে প্রস্তাবিত সভাস্থল পরিদর্শন করেন । প্রধানমন্ত্রীর সফর সম্পর্কে তিনি জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি পর্যালোচনা বৈঠকেও অংশগ্রহণ করেন । বৈঠকে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই সহ কয়েকজন বিধায়ক এবং প্রবীণ আধিকারীকরা উপস্থিত ছিলেন । প্রধানমন্ত্রীর সফর সম্পর্কে শ্রী হাজারিকা বলেন --------

বাইট

-----------------------------------------------------------------------------------

২০২৪ বর্ষের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে আসাম অসামরিক সেবা এবং অন্যান্য সেবার জন্য নির্বাচিত ২৮৪ জন এবং ফরেনসিক বিজ্ঞান সঞ্চালকালয়ের বিজ্ঞানী হিসেবে নির্বাচিত ৫ জন প্রার্থীকে আগামীকাল নিযুক্তিপত্র প্রদান করা হবে । এছাড়া স্বাগত সতীর্থ পোর্টেলের অধীনে পারস্পরিক বদলি পত্র আগামীকাল প্রদান করা হবে । এই উপলক্ষে শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রের শ্রীশ্রী দামোদরদেব আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন  ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের কঁহরায় প্রথম সরকারী অর্কিড উদ্যানের উদ্বোধন করেন । এই উদ্যানটি দেশ বিদেশের পর্যটকদের আকর্ষণের কেন্দ্রবিন্দু হিসেবে পরিগনিত হওয়ার সম্ভাবনা রয়েছে । প্রথম পর্যায়ে ১৬ কোটি টাকা ব্যায় সাপেক্ষে নির্মাণ করা এই অর্কিড উদ্যানে ৯০০ ’র বেশী  বিরল প্রজাতির অকির্ড প্রাকৃতিক ভাবে সংরক্ষণ এবং প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে । ২০ বিঘা জমিতে নির্মান করা এই উদ্যানটিতে ৫০০ আসনযুক্ত সাংস্কৃতিক মঞ্চ , পর্যটন নিবাস , শিশু উদ্যান ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে । অনুষ্ঠানে প্রদত্ত ভাষণে মুখ্যমন্ত্রী এই উদ্যানের মাধ্যমে জৈব বৈচিত্র্য সংরক্ষণের ব্যবস্থা করা সহ পর্যটকের আগমন বৃদ্ধি পাবে বলে আশা

প্রকাশ করেন ।অনুষ্ঠানে কৃষিমন্ত্রী অতুল বরা , অর্থমন্ত্রী অজন্তা নেওগ , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা সহ বহু বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

পশ্চিম এশিয়ার সংঘর্ষ জর্জরিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ দশম এবং দ্বাদশ শ্রেণীর জন্য পূর্ব নির্ধারিত পরীক্ষার সূচী স্থগিত রেখেছে । পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ি আগামী ৫ ও ৬ মার্চ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ।বাহরেইন , ইরাণ , কোয়েত , ওমান , সৌদি আরব , কাতার এবং সংযুক্ত আরব আমেরশাহির ঘটনা প্রবাহের প্রতি লক্ষ্য রেখে পর্ষদ পরীক্ষা স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে পরীক্ষার্থী এবং বিদ্যালয় কর্তৃপক্ষকে অবগত করানো হয়েছে । পরীক্ষার নতুন সূচী পরে ঘোষণা করা হবে ।পর্ষদ আগামী বৃহস্পতিবার পরিস্থিতি পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আনন্দ ও উৎসাহের মধ্য দিয়ে আজ দোল পূর্ণিমা উৎসব পালন করা হয়েছে । ফাল্গুন মাসের পূর্নিমা তিথিতে অনুষ্ঠিত এই উৎসব বসন্তের আগমণের বার্তা নিয়ে আসে । এই উৎসবকে অনেক স্থানে হোলী নামেও অভিহিত করা হয় ।

সমগ্র রাজ্যের বিভিন্ন প্রান্তে দোল উৎসব উপলক্ষে আনন্দমুখর পরিবেশের সৃষ্টি হয়েছে । রাজ্যের সত্র- দৌলগুলিতে আজ সকাল থেকে পরম্পরাগত এবং ধর্মীয় রীতি-নীতি অনুযায়ী নানা কার্যসূচি পালন শুরু হয়েছে । ঐতিহ্যবাহী বড়পেটা সত্রে গতকাল সন্ধ্যায় গন্ধযাত্রার মাধ্যমে পাঁচদিনব্যাপী দোল উৎসবের সূচনা হয়েছে । কৃষ্ণ বন্দনা এবং হোলী গীতের মাধ্যমে বরপেটার আকাশ বাতাস মূখরিত হয়ে পড়েছে ।

এদিকে বরাক উপত্যকার বিভিন্ন প্রান্তেও কয়েকদিন ধরে বসন্ত উৎসব উদযাপন করা হচ্ছে । বেশকিছু স্থানে বিভিন্ন ক্লাব, সংগঠনের উদ্যোগে নৃত্য গীত কবিতা ও রংখেলার মাধ্যমে ঋতুরাজ বসন্তকে স্বাগত জানানো হচ্ছে ।

বরাক উপত্যকার বিভিন্ন মন্দির, আখড়া, মঠেও আজ দোল পূর্ণিমা উদযাপন উপলক্ষে বিশেষ পূজার আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে শ্রীকৃষ্ণ ও রাধার আরাধনা ,আবির খেলা ,প্রসাদ বিতরণ , ভজন কীর্তন ইত্যাদি কার্যসূচীর আয়োজন করা হয়েছে। শিলচরের মদনমোহন আখড়া, ইস্কন, গৌড়ীও মঠ, রামকৃষ্ণ মিশন, শ্যামসুন্দর আখড়া ইত্যাদিতে দোল পূর্ণিমা উপলক্ষে বিশেষ পুজো অনুষ্ঠি হয়েছে।

। এদিকে আগামীকাল রংখেলা উপলক্ষ্যে বরাক উপত্যকার তিন জেলা প্রশাসন স্থানীয় ছুটি ঘোষনা করেছে । এছাড়া প্রশাসনের পক্ষ থেকে শান্তিপূর্ন ও সুরক্ষিতভাবে উৎসব

পালনের আহ্বান জানানো সহ বেশকয়েকটি স্থানে নিরাপত্তা ব্যাবস্থা জোরদার করা হয়েছে ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা দোল উৎসব উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী এক বার্তায়  প্রকৃতি ও আধ্যাত্মিকভাবে সংযুক্ত এই উৎসব অশুভকে দূর করে  সকলের জীবন আনন্দময় করে তুলবে বলে আশা প্রকাশ করেন । দোল উৎসব উপলক্ষ্যে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ও রাজ্যের শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগুও জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।

-------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব বন্য প্রাণী দিবস । বন্য প্রাণী সংরক্ষনের গুরুত্ব এবং বিলুপ্তপ্রায় প্রানীগুলিকে বিশ্বজুড়ে সম্মুখীন হওয়া প্রত্যাহ্বান থেকে রক্ষা করার উদ্দেশ্যে প্রতি বছরের তেসোরা মার্চ বিশ্ব বন্য প্রাণী দিবস উদযাপন করা হয় ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশ্ব বন্যপ্রাণী দিবস উপলক্ষ্যে বন্যপ্রাণী সংরক্ষনের ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতির কথা উল্লেখ্য করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে বিশ্ব বন্যপ্রাণী দিবসের দিনই আমাদের পৃথিবী এবং বহনক্ষম পরিবেশ তন্ত্রকে সমৃদ্ধিশালী করা জৈব বৈচিত্রগুলি উদযাপন করা হয় । প্রধানমন্ত্রী শ্রীমোদী বন্য প্রাণীদের সংরক্ষন , বহনক্ষম অনুশীলন এবং জৈব বৈচিত্রগুলির সংরক্ষনের জন্য ভারতের দায়বদ্ধতার কথা স্মরন করেন । পৃথিবীর মোট বাঘের ৭০ শতাংশ ভারতে বাস করে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।
এদিকে রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যবাসীকে বিশ্ব বন্যপ্রাণী দিবসের শুভেচ্ছা জানিয়ে বন্য প্রাণীরা যাতে ভবিষ্যৎ প্রজন্মের জন্য সমৃদ্ধ হয়ে থাকতে পারে , তারজন্য সবাইকে প্রতিশ্রুতিবদ্ধ হবার আহ্বান জানান ।

-------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির প্রবীন নেতা তথা প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস আজ শ্রীভূমির শিলচর রোডের ৩৭ নম্বর জাতীয় সড়ক সংলগ্ন সিলিকেট ফ্যাক্টরি এলাকা ও সরিষা পঞ্চায়েত এলাকায় প্রায় দু কিলোমিটার ড্রেন ও ফুটপাত নির্মান কাজের শিলান্যাস করেন । এ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন সাংসদ শ্রীদাস বলেন যে দীর্ঘ দিন থেকে শিলচর রোডের সরিষা এলাকায় নিকাশি ব্যবস্থা অপ্রতুলতা এবং ফুটপাত না থাকায় জনসাধারনকে ভোগান্তির শিকার হতে হয়েছে । এই প্রকল্প বাস্তবায়িত হলে জমা জলের সমস্যা দূর হবে এবং পথচারীদের

নিরাপত্তা সুনিশ্চিত হবে । উল্লেখ্য এই প্রকল্প বাস্তবায়িত করতে চার কোটি ৮৮ লক্ষ টাকা ব্যয় করা হবে । আজকের শিলান্যাস অনুষ্ঠানে শ্রীভূমি পৌরসভার ২৬ এবং ২৭ নম্বরের ওয়ার্ড কমিশনার , সরিষা-চরাকুড়ি গ্রাম পঞ্চায়েত সভানেত্রী , জেলা পরিষদ সদস্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রকের অধীনে শ্রীভুমির মেরা যূবা ভারত শাখার উদ্যোগে তিন দিনের মাই ভারত লিডারশীপ বুট প্রশিক্ষন শিবির গতকাল শেষ হয়েছে । গতকাল সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যসভার প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন সাংসদ শ্রীদাস বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০৪৭ সালের মধ্যে দেশে এক লক্ষ যূব নেতৃত্ব গড়ে তোলার লক্ষ্য নির্ধারন করেছেন । উল্লেখ্য গত শনিবার থেকে শুরু হওয়া তিনদিনের প্রশিক্ষন শিবিরে ৩৫ জন যূবক-যুবতী অংশ গ্রহন করে । প্রশিক্ষন শেষে বিশিষ্ট অতিথি দেবাশীষ চন্দ্র দেব এবং প্রশিক্ষক অশোক পাল প্রমূখ তাঁদের হাতে শংশা পত্র তুলে দেন ।

---------------------------------------------------------------------------------------